গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
শাহরাস্তি, চাঁদপুর।
www.dss.shahrasti.chandpur.gov.bd

নম্বর: ৪১.০১.১৩৯৫.০০০.০০০.১১.০০০১.২৬. ২৩৭ তারিখ: ২১/০৭/২০২৬ খ্রিঃ

বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি জরিপ-২০২৬ এর জন্য অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ফ্যামিলি কার্ড কর্মসূচি-২০২৬"-এর আওতায় দেশব্যাপী আগামী ০১ আগস্ট ২০২৬ খ্রি. হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড জরিপ কার্যক্রম পরিচালিত হতে যাচ্ছে। এ লক্ষ্যে উল্লিখিত ৪৫ দিনের জরিপ কার্যক্রমের জন্য শাহরাস্তি উপজেলায় প্রয়োজনীয় সংখ্যক তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগের নিমিত্ত যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে। ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬ অনুযায়ী প্রার্থীর যোগ্যতা, অযোগ্যতা বিবেচিত হবে। উক্ত নিয়োগের ক্ষেত্রে নিম্নের শর্তাবলীসহ নির্দেশনা প্রযোজ্য।

## তথ্য সংগ্রহকারীর যোগ্যতা ও অযোগ্যতা

**বাধ্যতামূলক যোগ্যতা:**

- ন্যূনতম এইচএসসি বা সমমান পাস
- বয়স: ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)
- ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর প্রাপ্তি
- সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান
- বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম
- শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত

**অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য:**

- নারী প্রার্থী প্রতি উপজেলায় কমপক্ষে ৫০% নারী গণনাকারীর লক্ষ্যমাত্রা
- স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী
- পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা
- এলাকায় স্থানীয় ভাষায় দক্ষতা

**অযোগ্যতার কারণ (নিরঙ্কুশ বর্জন):**

- ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত
- সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত
- ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর
- পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত

## সুপারভাইজারের যোগ্যতা ও দায়িত্ব

**বাধ্যতামূলক যোগ্যতা:**

- ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস; বয়স ২৫-৪৫
- ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা- পরীক্ষায় ৮০% + নম্বর প্রাপ্তি
- তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান
- দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা

**দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব:**

- প্রতিটি EA শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন
- প্রতি EA-এর ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)
- সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা
- ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত
- সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো

**অযোগ্যতার কারণ (নিরঙ্কুশ বর্জন):**

❖ ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত
❖ সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত
❖ ব্যবহারিক পরীক্ষায় ৮০%-এর নিচে নম্বর প্রাপ্তি
❖ পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত

**আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে:**

❖ ক) ১ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের ছবি
❖ খ) এনআইডি কার্ডের সত্যায়িত অনুলিপি
❖ ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি
❖ খ) অভিজ্ঞতার সনদ/প্রমাণ এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে)
❖ গ) স্থানীয় বাসিন্দা হিসেবে প্রমাণপত্র (এনআইডি/জন্ম নিবন্ধন/পাসপোর্ট/চেয়ারম্যান /কাউন্সিলরের প্রত্যয়ন)

❖ **আবেদন ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান ও সময়:**
❖ উপজেলা সমাজসেবা কার্যালয়, শাহরাস্তি, চাঁদপুর
❖ থেকে অদ্য ২১/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৩/০৭/২০২৬ খ্রিঃ পর্যন্ত
❖ (সকাল ০৯.০০ হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত) ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে)
❖ (প্রয়োজনে https://dss.shahrasti.chandpur.gov.bd ওয়েবসাইট থেকেও ফরম সংগ্রহ করা যাবে)

❖ **পরীক্ষার সম্ভাব্য তারিখ ও সময়**

❖ ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা
( তারিখ পরিবর্তন হলে https://dss.shahrasti.chandpur.gov.bd ওয়েবসাইট থেকে জানানো হবে)

**অন্যান্য শর্তাবলি:**

১। তথ্য সংগ্রহকারীগণ জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
৩। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
৫। কোনো অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।
৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৮। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

22/07/2026


(মনিরা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, ফ্যামিলি কার্ড জরিপের
তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
শাহরাস্তি, চাঁদপুর
মোবাইল: ০১৭৩০০৬৭০৬৮
ই-মেইল:
unoshahrastichandpur@gmail.com